

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কৃত্তপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৪, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে বৈশাখ ১৪০৪/৩রা মে ১৯৯৭

এস, আর, ও, নং ১০৫-আইন/৯৭/১৭০৩/সুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১), এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে, বিদেশে অনুষ্ঠিত কোন স্বীকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতায় কৃতিত্ব বা সাক্ষ্যের স্বাক্ষরস্বরূপ কোন বাংলাদেশী নাগরিক বা প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত পুরস্কার সামগ্রীকে উহাদের উপর আরোপনীয় মনুদয় সুল্ক এবং মূল্য সংযোজন কর হইতে, নিম্নোক্ত শর্তাধীনে, অব্যাহতি প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, গাড়ী, টেলিভিশন, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনার অথবা গম-জাতীয় অন্য কোন স্থায়ী ভোগ্যপণ্য (consumers durables) এর উপর এই প্রজ্ঞাপনের আওতায় প্রদত্ত রেয়াতী সুবিধা প্রযোজ্য হইবে না।

শর্তাবলী

- (ক) পুরস্কার প্রাপককে পুরস্কার-সামগ্রীর প্রতিটি চালানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে পরিশিষ্টে বিধৃত প্রত্যয়নপত্র সংগ্রহ করিয়া সংশ্লিষ্ট সুল্ক ষ্টেশনে দাখিল করিতে হইবে;

(১৪৫৯)

মূল্যঃ টাকা ১০০০

- (৫) জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমতি ব্যতীত এবং প্রযোজ্য শুল্ক করাদি পরি-
শোধ ব্যতীতরূপে উল্লিখিত পুরস্কার-সামগ্রী বিক্রয় অথবা হস্তান্তর করা যাইবে
না।

পরিশিষ্ট

[অনুচ্ছেদ (ক) ব্রটব্য]

প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, নিম্নবর্ণিত পণ্য সামগ্রী.....
ইং তারিখে/.....ইং তারিখ হইতে.....ইং তারিখ পর্বন্ত সময়কালে
.....দেশের.....স্থানে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রতিযোগিতায় কৃতিত্ব/
সাফল্যের স্বাক্ষরস্বরূপ নিম্নবর্ণিত বাংলাদেশী নাগরিক/প্রতিষ্ঠান কর্তৃক পুরস্কার হিসাবে প্রাপ্ত।

আন্তর্জাতিক প্রতিযোগিতার নাম :

পুরস্কার প্রদানকারী আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানের নাম :

প্রতিযোগিতার সময়কাল :

দেশের নাম :

পুরস্কার প্রাপকের নাম ও ঠিকানা :

আমদানিকারকের নাম ও ঠিকানা :

বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিস্ট নং..... তারিখ :

ইনভয়েন্স নং..... তারিখ :

পণ্যের বিবরণ :

পরিমাণ :

মূল্য : — — —

প্রত্যয়নপত্র প্রদানকারী কর্মকর্তার নাম.....

স্বাক্ষর :

পদবী :

মন্ত্রণালয়/বিভাগের নাম :

মুদ্রা :

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ আবদুল হামান

সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।